

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী, কাকরাইল, ঢাকা-১০০০।
ফোনঃ ০২-৫৫১৩০৫১৭, ই-মেইলঃ pd.rwshhcd@dphe.gov.bd

স্মারক নংঃ ৪৬.০৩.২৬০০.৫৪৮.১৪.০৩৮.২১-২৮০/৩০

তারিখঃ ০১/০৯/২০২৫ খ্রিঃ।

প্রেরক : প্রকল্প পরিচালক
মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ,
স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : নির্বাহী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
..... জেলা/বিভাগ।

বিষয় : নির্মিত ও হস্তান্তরকৃত পাবলিক টয়লেটসমূহ ইজারা প্রদানের মাধ্যমে Manual অনুযায়ী পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিষয়ক কর্মশালায় সহযোগিতাকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি” শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত ও হস্তান্তরকৃত পাবলিক টয়লেটসমূহের ইজারা প্রদানের মাধ্যমে Manual অনুযায়ী সুষ্ঠুভাবে পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য উপজেলা ভিত্তিক কর্মশালা Technical Assistant Firm (JV of DevCon-IWM) এর কারিগরী সহযোগিতায় অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় সহকারী/উপ-সহকারী প্রকৌশলী, DLC, RE, নলকুপ মেকানিক, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মনোনীত প্রতিনিধি, সংশ্লিষ্ট ওয়ার্ডের পুরুষ ও নারী মেম্বার, বাজার/হাট/স্কুল/কলেজ/মসজিদ/সংশ্লিষ্ট কমিটি এর প্রতিনিধি (কমপক্ষে ২/৩ জন), সংশ্লিষ্ট পাবলিক টয়লেট এর ঠিকাদার ও কেয়ারটেকার (যদি থাকে) এর উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।

এমতাবস্থায়, উক্ত উপজেলা ভিত্তিক কর্মশালা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো। পাবলিক টয়লেট সমূহের বর্তমান অবস্থার পর্যবেক্ষণ Checklist, কর্মসূচী ও অংশগ্রহণকারীগণের তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে - ০১ (এক) সেট।


(মোঃ তবিবুর রহমান তালুকদার)
প্রকল্প পরিচালক

স্মারক নংঃ ৪৬.০৩.২৬০০.৫৪৮.১৪.০৩৮.২১-২৮০/৩০(১৫২)

তারিখঃ ০১/০৯/২০২৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মসিংহ/রংপুর/ চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ঢাকা সার্কেল।
- ২। সহকারী/উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর সদর উপজেলা, জামালপুর
- ৩। টীম লিডার, (প্যাকেজ নংঃ RWSHP-SD-15), JV of DevCon-IWM, বনানী, ঢাকা-১২১৩।
- ৪। ডিস্ট্রিক্ট লেভেল কোঅর্ডিনেটর, মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প, জামালপুর জেলা।
- ৫। Resident Engineer (RE), (প্যাকেজ নংঃ RWSHP-SD-15), JV of DevCon-IWM, বনানী, ঢাকা-১২১৩।
- ৬। DBO ঠিকাদার,


(মোঃ তবিবুর রহমান তালুকদার)
প্রকল্প পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)

মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্পের আওতায় নির্মিত ও হস্তান্তরকৃত পাবলিক টয়লেটসমূহ ইজারা প্রদানের মাধ্যমে Manual অনুযায়ী উপজেলা ভিত্তিক পরিচালন ও রক্ষণাবেক্ষন বিষয়ক কর্মশালায় অংশগ্রহণকারীগণের তালিকা।

১. সহকারী প্রকৌশলী / উপ-সহকারী প্রকৌশলী (AE/SAE)
২. আবাসিক প্রকৌশলী (RE)
৩. জেলা পর্যায়ের সমন্বয়কারী (DLC)
৪. নলকুপ মেকানিক
৫. স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ মেম্বর।
৬. সংশ্লিষ্ট ওয়ার্ডের পুরুষ ও নারী মেম্বর।
৭. সংশ্লিষ্ট পাবলিক টয়লেট এর বাজার/হাট/স্কুল/কলেজ/মসজিদ কমিটি, প্রতিনিধি (কমপক্ষে ২/৩ জন)।
৮. পাবলিক টয়লেট এর ঠিকাদার।
৯. পাবলিক টয়লেট এর কেয়ারটেকার (যদি থাকে)